

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় মহিলা সংস্থা

নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) ২য় সংশোধন

১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা

স্মারক নং- ৩২.০২.০০০০.০০৫.০০১.০০২.১৬(অংশ -১)-৩৩১

তারিখ : ১৭/১০/২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়স্বতন্ত্র জাতীয় মহিলা সংস্থা পরিচালিত নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) ২য় সংশোধন শীর্ষক প্রকল্পের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদে পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী সকল যথাযোগ্য নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী মোতাবেক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম নং	পদের নাম, গ্রেড ও সাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা
১।	হিসাব রক্ষক গ্রেড- ১২, সাকুল্য বেতন ১৯,৭৮০/-	০১ (এক) টি	অনূর্ধ্ব- ৩০ বছর	বাণিজ্য স্নাতক সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।
২।	ট্রেড প্রশিক্ষক নকশী কাঁথা ও কাটিং, গ্রেড - ১৪, সাকুল্য বেতন ১৮,৩০০/-	০১ (এক) টি	অনূর্ধ্ব- ৩০ বছর	এইচ.এস.সি; নকশী কাঁথা ও কাটিং ট্রেডে ০৪ (চার) মাসের প্রশিক্ষণ প্রাপ্ত; সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা।
৩।	সহকারী ট্রেড প্রশিক্ষক সেলাই ও এমব্রয়ডারী, গ্রেড - ১৬, সাকুল্য বেতন ১৭,০৪৫/-	০১ (এক) টি	অনূর্ধ্ব- ৩০ বছর	এস.এস.সি; সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে ০৪ (চার) মাসের প্রশিক্ষণ প্রাপ্ত; সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা।
৪।	সহকারী ট্রেড প্রশিক্ষক নকশী কাঁথা ও কাটিং, গ্রেড - ১৬, সাকুল্য বেতন ১৭,০৪৫/-	০১ (এক) টি	অনূর্ধ্ব- ৩০ বছর	এস.এস.সি; নকশী কাঁথা ও কাটিং ট্রেডে ০৪ (চার) মাসের প্রশিক্ষণ প্রাপ্ত; সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা।

শর্তাবলী

- ১। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। প্রকল্পের ওয়েবসাইটে (www.ubmwdp.gov.bd) এ আবেদন ফরম পাওয়া যাবে। আবেদনকারীকে ওয়েবসাইটে হতে নিম্নোক্ত আবেদন পত্রের ছক A4 সাইজ কাগজে প্রিন্ট করে খালি ঘরগুলো স্বহস্তে/টাইপ করে পূরণ করতে হবে। আগামী ৭/ ১১/২০২১খ্রিঃ তারিখের মধ্যে আবেদন পত্র প্রকল্প পরিচালক, নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) ২য় সংশোধন, জাতীয় মহিলা সংস্থা, (৪র্থ তলা, কক্ষ নং -৪০৪), ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা এর বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে। খামের উপরে বা ম পাশে পদের নাম ও জেলার নাম উল্লেখ করতে হবে।
- ২। প্রার্থীর বয়সসীমা ২৫/০৩/২০২০খ্রিঃ তারিখে অবশ্যই ১৮ থেকে অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৩। শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ অভিজ্ঞতা, বাস্তব অভিজ্ঞতা, নাগরিক সনদপত্র, চারিত্রিক সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়াছবি সংযুক্ত করতে হবে।
- ৫। প্রার্থীদের আবেদনপত্রের সাথে কোন প্রকার ট্রেড জারী চালান/ব্যাংক ড্রাফট প্রবেশ্য হবে না।
- ৬। আবেদনপত্রের সাথে ১০ (দশ) টাকা মূল্যের ডাক টিকেট সহ নিজ ঠিকানা সম্বলিত ৯" x ৪" সাইজের একটি অব্যবহৃত খাম সংযুক্ত করতে হবে।
- ৭। সরকার নির্ধারিত বিশেষ কোটার (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি এবং মহিলা) চাকুরী প্রার্থীকে এই কোটার চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে।
- ৮। একই প্রকল্পের অনুরূপ পদে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- সম/সওব্য/টিম-১(২)-১১/২০০৩-৭২ তারিখ : ২৬/০৬/২০০৩ বলে বয়স শিথিলযোগ্য।
- ৯। প্রার্থীগণকে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১০। পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র সম্পর্কে প্রবেশপত্র প্রেরণের মাধ্যমে জানা নো হবে।
- ১১। চাকুরীর প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ১২। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।
- ১৩। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৪। লিখিত পরীক্ষা/ব্যবহারিক/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৫। বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহার/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৬। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৭। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানে ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭/১০/২০২১

(নূরুল নাহার হেনা)

প্রকল্প পরিচালক (অতিঃ সচিব)

এসসি-১৩৭০/২১ (৯'x৩)